

ফাসেক সিরিজ-৩

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুলহু বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: পবিত্র কোরআনে বর্ণনা অনুসারে কারা ফাসেক।

১. এর পর যারা মুখ ফিরিয়ে নিবে তারা ফাসিক।

فَمَنْ تَوَلَّى بَعْدَ ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ
অতঃপর এর পরে যারা ফিরে যাবে তারাই দুস্কার্যকারী। (৩:৮২)

সংক্ষিপ্ত ব্যাখ্যা: আল্লাহ তা'আলা মুহাম্মদ (স:) এর পূর্ববর্তী নবীদের থেকে অঙ্গীকার গ্রহণ করেছিলেন যে, শেষ নবী মুহাম্মদ (স:) আবির্ভূত হন, তোমরা তার প্রতি ঈমান আনবে। পরবর্তী নবীগণ আল্লাহর সাথে অঙ্গীকার করেছিলেন এবং একথা তাদের কণ্ঠস্বরকে অর্থাৎ আহলে কিতাবীদের জানিয়ে দিয়েছিলেন। কিন্তু আহলে কিতাবীদের অধিকাংশই মুখ ফিরিয়ে নিয়েছিল এবং তাকে (মুহাম্মদ (স:) কে) রাসূল হিসাবে মেনে নিতে এবং কুরআনকে আল্লাহর কিতাব হিসাবে গ্রহণ অস্বীকার করেছিল। এর পূর্ববর্তী ৮১ নম্বর আয়াত পাঠ করলে এটা পরিষ্কার হবে ইনশাআল্লাহ।

২. কিতাবীগণ যদি ঈমান আনতো, তবে তাদের জন্য ভালো হতো। তাদের মধ্যে কিছু সংখ্যক মু'মিন রয়েছে, কিন্তু অধিকাংশই ফাসেক।

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ وَلَوْ ءَامَنَ أَهْلُ الْكِتَابِ لَكَانَ خَيْرًا لَهُمْ مِّنْهُمْ الْمُؤْمِنُونَ وَأَكْثَرُهُمُ الْفَاسِقُونَ

তোমরাই সর্বোত্তম উম্মাত, মানব জাতির কল্যাণের জন্য তোমাদের উদ্ভব ঘটানো হয়েছে, তোমরা সৎ কাজে আদেশ করবে ও অসৎ কাজে নিষেধ করবে এবং আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করবে; আর যদি গ্রন্থ প্রাপ্তরা বিশ্বাস স্থাপন করত তাহলে অবশ্যই তাদের জন্য মঙ্গল হত; তাদের মধ্যে কেহ কেহ মু'মিন এবং তাদের অধিকাংশই দুস্কার্যকারী। (৩:১১০)

সংক্ষিপ্ত ব্যাখ্যা: মুহাম্মদ (স:) এর উম্মতদেরকে শ্রেষ্ঠ উম্মত বলা হচ্ছে। এবং তাদেরকে আল্লাহ নির্দেশ দিচ্ছেন- সৎকাজের আদেশ কর, অসৎ কাজে নিষেধ কর এবং আল্লাহর উপর বিশ্বাস স্থাপন কর।

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

৩. হারাম খাদ্য খাওয়া, বেদীর উপর বলি দেয়া, জুয়ার টির দ্বারা ভাগ্য নির্ধারণ করা ফাসেকী কাজ

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْتَةُ وَالِدَمُّ وَلَحْمُ الْخِنزِيرِ وَمَا أُهْلَ لِغَيْرِ اللَّهِ بِهِ وَالْمُنْخَنِقَةُ
وَالْمَوْقُوذَةُ وَالْمُتَرَدِّيَةُ وَالنَّطِيحَةُ وَمَا أَكَلَ السَّبْعُ إِلَّا مَا ذَكَّيْتُمْ وَمَا ذُبِحَ
عَلَى النَّصْبِ وَأَنْ تَسْتَقْسِمُوا بِالْأَزْلَمِ ذَلِكَ فِسْقٌ الْيَوْمَ يَبْسُ الَّذِينَ كَفَرُوا
مِنْ دِينِكُمْ فَلَا تَخْشَوْهُمْ وَاخْشَوْنَ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتَمَمْتُ عَلَيْكُمْ
نِعْمَتِي وَرَضِيْتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا فَمَنْ اضْطُرَّ فِي مَخْمَصَةٍ غَيْرِ مُتَجَانِفٍ
لِإِثْمٍ فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ

তোমাদের জন্য মৃত জীব, রক্ত, শুকরের মাংস, আল্লাহ ছাড়া অপরের নামে উৎসর্গীকৃত পশু, কঠরোধে মারা পশু, আঘাত লেগে মরে যাওয়া পশু, পতনের ফলে মৃত পশু, শৃংগাঘাতে মৃত পশু এবং হিংস্র জন্তুতে খাওয়া পশু হারাম করা হয়েছে; তবে যা তোমরা যবাহ দ্বারা পবিত্র করেছ তা হালাল। আর যে সমস্ত পশুকে পূজার বেদীর উপর বলি দেয়া হয়েছে তা এবং জুয়ার তীর দ্বারা ভাগ্য নির্ণয় করাও তোমাদের জন্য হারাম করা হয়েছে। এসব কাজ পাপ। আজ কাফিরেরা তোমাদের দীনের বিরুদ্ধাচরণের ব্যাপারে হতাশ হয়ে পড়েছে। সুতরাং তোমরা তাদেরকে ভয় করনা; শুধু আমাকেই ভয় কর। আজ তোমাদের জন্য তোমাদের দীন পূর্ণাঙ্গ করলাম, তোমাদের প্রতি আমার অনুগ্রহ সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের জন্য দীন হিসাবে মনোনীত করলাম। তবে কেহ পাপের দিকে না ঝুঁকে ক্ষুধার তাড়নায় আহার করতে বাধ্য হলে সেগুলি খাওয়া তার জন্য হারাম হবেনা। কারণ নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু। (৫:৩)

সংক্ষিপ্ত ব্যাখ্যা: (১) ক) মৃত জন্তু, খ) রক্ত, গ) শুকরের মাংস, ঘ) আল্লাহর নাম ব্যাতিত অপরের নাম জবেহকৃত পশু এগুলো হারাম। (২) (ক) শ্বাসরোধে মৃত জন্তু, খ) প্রহারে মৃত জন্তু, গ) পতনে মৃত জন্তু ঘ) শিং এর আঘাতে মৃত জন্তু ঙ) হিংস্র পশু খেয়েছে এমন জন্তু- এগুলোর গোস্ত খাওয়া হারাম। তবে এগুলোর কোনটা মৃত্যুর আগে আল্লাহর নামে জবেহ করতে পারলে খাওয়া বৈধ। (৩) (ক) মূর্তি বা পূজার বেদীর উপর বলি দেয়া ফাসেকী কাজ, খ) জুয়ার তীর দ্বারা (বা অন্য কিছু দ্বারা) ভাগ্য নির্ণয় করা ফাসেকী কাজ।

প্রিয় ভাই ও বোনেরা, এমন কোনো কাজ করা অথবা এমন কোনো খাদ্য গ্রহণ করা আমাদের জন্য ঠিক নয় যা আল্লাহ হারাম করেছেন। আল্লাহর হারামকে বৈধ মনে করলে আমাদের ঈমান চলে যাবে এবং আমরা ফাসিক হবো।

আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>